# ঈশ্বরের পবিত্র আত্মা আমাদের পরিবর্তিত করেন এবং আমাদের আরও ভাল করেন।

**প্রার্থনা ঃ** "প্রিয় পিতা, দয়া করে শিশুদের তোমাকে আরও ভালভাবে জানতে সাহায্য করার জন্য এই অধ্যয়ণটি ব্যবহার করুন।ইহা ব্যবহার করুন যাতে তারা পবিত্র আত্মাকে তাদের পরিবর্তিত এবং পরিচালিত করতে দেয়।"

শিশুদের প্রয়োজন এবং স্থানীয় রীতি অনুসারে কার্যকলাপ মনোনীত করুন।

**প্রেরিত ৬ঃ৮-১৫ এবং ৭ঃ৫১-৬০** পদে স্তিফানের সাক্ষ্যমর হওয়ার গল্পটি পাঠ করার দ্বারা এই পাঠটি প্রস্তুত করুন। খুঁজে দেখুন, ঈশ্বরের আত্মা কিভাবে স্তিফানকে খ্রীষ্টের জন্য সাহসের সঙ্গে সাক্ষ্যদানে প্রস্তুত করেছিলেন। স্তিফান কি বলেছিলেন এবং যিহূদী নেতাদের কি প্রতিক্রিয়া হয়েছিল।



একজন বড় শিশুকে গল্পটি বলার জন্য প্রস্তুত করু ন।তারপর শিশুদের জিজ্ঞাসা করুন ঃ

- স্তিফান কি ধরনের লোক ছিলেন ?
- নেতারা কেন গোপনে কিছু লোককে স্তিফানের বিরুদ্ধে মিথ্যা কথা বলতে প্ররোচিত করেছিল ?
- মৃত্যুর পূর্বে স্তিফানের মুখ কেমন দেখাচ্ছিল ?
- মৃত্যুর পূর্বে স্তিফান কি দেখেছিলেন ?
- কিছু লোক কেন স্তিফানের বিরুদ্ধে এত ক্রুদ্ধ হয়েছিলেন ?
- স্তিফানের শেষ কথা কি ছিল ?

**মিথ্যা অভিযোগের যন্ত্রণা**

- যখন কোন ব্যাক্তি তাদের বিরুদ্ধে মিথ্যা কথা বলে ছিল, তারা যে কাজ করে নি সেই বিষয়ে মিথ্যাভাবে তাদের বিরুদ্ধে অভিযোগ করেছিল, সেই সময়ের বিষয়ে শিশুদের চিন্তা করতে বলুন।
- জিজ্ঞাসা করুন যখন তাদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করা হয়েছিল, তখন তাদের কেমন অনুভূতি হয়েছিল এবং তারা কি করেছিল।

স্তিফানের সাক্ষ্যমর হওয়া গল্পটি নাটকে পরিণত করুন। গল্পটির মহড়া দিতে বলুন এবং আরাধনার সময় বড়দের কাছে উপস্থাপন করতে বলুন। বড় শিশুদের শৌল ও স্তিফানের ভূমিকায় এবং ছোটশিশুদের বিতর্ককারীদের ভূমিকায় অভিনয় করতে বলুন।

**শৌল ঃ** "আমি প্রেরিত পৌল। খ্রীষ্টকে জানার পূর্বে আমি যখন 'শৌল' নামে পরিচিত ছিলাম, তখন আমি যা দেখেছিলাম, আমাকে তা বলতেদিন।" (প্রেরিত ৬ ৮ পদ থেকে ১১ পদের প্রথম অংশ পর্য্যন্ত পাঠ করুন)

**স্তিফান ঃ** (একদিকে দাঁড়িয়ে থাকবে)

**অভিযোগকারী ১ ঃ** (স্তিফানের দিকে লক্ষ্য করে ক্রোধে চীৎকার করবে) ''আমরা স্তিফানকে মোশি এবং ঈশ্বরের বিরুদ্ধে নিন্দা করতে শুনেছি!''

**শৌল ঃ** (প্রেরিত ৬ঃ২-১৩ পদের প্রথম অংশ পর্য্যন্ত পাঠ করবেন)

**অভিযোগকারী ২ ঃ** (প্রেরিত ৬ঃ১৩-১৪ পদে যে অভিযোগ উদ্ধৃত করা হয়েছে, ক্রোধে চীৎকার করে সেই অভিযোগ করবে।)

**শৌল ঃ** (প্রেরিত ৬ঃ১৫ এবং ৭ঃ১ পাঠকরবেন)

**স্তিফান ঃ** (প্রেরিত ৭ঃ২-৩ পদে স্তিফানের কথাগুলো পাঠ করবে)

**শৌল ঃ** ''স্তিফান, ইস্রায়েলের ইতিহাস সংক্ষেপে বলুন।''

**স্তিফান ঃ** (প্রেরিত ৭ঃ৫১-৫২ পাঠ করবেন)

**শৌল ঃ** (প্রেরিত ৭ঃ ৫৪-৫৫ পাঠ করবেন)

**স্তিফান ঃ** (প্রেরিত ৭ঃ৫৬ পদ থেকে বিষয় উত্থাপন করে তার কথাগুলো বলবেন)

**অভিযোগকারীগণ ঃ** (ঘরের অন্য দিকে ছুটে গিয়ে স্তিফানকে চেপে ধরবে)

**শৌল ঃ** (প্রেরিত ৭ঃ৫৭-৫৮ পদ পাঠ করবেন)

**বিতর্ককারীগণ ঃ** স্তিফানকে পাথর ছুঁড়ে মারার ভান করবে।

**স্তিফান ঃ** প্রেরিত ৭ঃ৫৯-৬০ পদে স্তিফানের ক থাগুলো পাঠ করবেন।

পবিত্র আত্মা স্তিফানকে কি করতে সক্ষম করেছিলেন সেই বিষয়ে শিশুরা প্রাপ্তবয়স্কদের প্রশ্ন জিজ্ঞাসা করবেন। তারা ভাগ ১ এর প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে পারে।

**কবিতা ঃ** যিশাইয় ৬১ঃ১-২ পদের তিনটি অংশ আবৃত্তি করার জন্য তিনজন শিশুকে প্রশিক্ষণ দিন। তারা বড়দের কাছে ইহা আবৃত্তি করতে পারেন।

প্রভু সদাপ্রভুর আত্মা আমাতে অধিষ্টান করেন,
কেননা নম্রগণের কাছে সুসমাচার প্রচার করিতে
সদাপ্রভু আমাকে অভিষেক করিয়াছেন।

তিনি আমাকে প্রেরণ করিয়াছেন, যেন আমি ভগ্নান্তঃকরণ
লোকদের ক্ষত বাঁধিয়া দিও; যেন বন্দি লোকদের কাছে
মুক্তি, ও কারাবদ্ধ লোকদের কাছে কারামোচন প্রচার করি।

যেন সদাপ্রভুর প্রসন্নতার বৎসর ও আমাদের ঈশ্বরের
প্রতিশোধের দিন ঘোষণা করি।

পবিত্র আত্মার কাজের ব্যাখা প্রদর্শন করুন ঃ

- পবিত্র আত্মা কি করেন সেই বিষয়টি প্রদর্শন করার জন্য শিশুদের একটি ভাঙ্গা শেকল আঁকতে বলুন।
- শিশুদের প্রাপ্ত বয়স্কদের কাছে তাদের ছবিগুলো দেখাতে বলুন এবং ব্যাখা করতে বলুন যে পবিত্র আত্মা আমাদের ঈশ্বরের শক্তিতে পূর্ণ করেন এবং পাপ, মন্দতা এবং মৃত্যুর ভয়ের শৃঙ্খল থেকে আমাদের মুক্ত করেন।



**মুখস্থ পদ ঃ** যোহন ২০ঃ২২ পদ। বড়শিশুদের ইফিষীয় ১ ঃ১৩-১৪ পদ মুখস্থ করতে বলুন।

আত্মার ফলের বিষয় ব্যাখ্যা করুন, গালাতীয় ৫ ঃ১৯-২৫ পদ থেকে পাঠ করুন।

এই তালিকায় মন্দ কাজগুলোর (পাপপূর্ণ কার্যসমূহ) এই উদাহরণগুলো এবং পরে পবিত্র আত্মা তাদের মধ্যে যে বিপরীত উৎকর্ষতা উৎপন্ন করে সেই বিষয়গুলো ব্যাখ্যা করুন ঃ

## মাংসিক কার্যসমূহ এবং আত্মার ফল

| | |
|---|---|
| মাংসিক কার্যসমূহ।পাপের কারণে লোকেরা মন্দ কার্য সকল করতে চান। গালা ৫ঃ১৯-২১ | আত্মার ফল।পবিত্র আত্মা আমাদের ভাল কাজ করতেসাহায্য করেন, গালা ৫ঃ২২-২৩ |
| যৌন অনৈতিকতা। দায়ূদ অন্য লোকের স্ত্রীকে চেয়েছিলেন। | প্রেম। দায়ূদ অনুতাপ করেছিলেন, ঈশ্বরকে আন্তরিক ভাবে প্রেম করেছিলেন ২ শমূ ১১; গীত ৫১ |
| অশুদ্ধতা, সঙ্কীর্ণতা। অপব্যয়ী পুত্র মন্দভাবে জীবনযাপন করেছিল। | আনন্দ। তিনি যখন অনুতাপ করেছিলেন এবং ফিরে এসেছিলেন, তখন আনন্দ খুঁজে পেয়েছিল, লূক ১৫ঃ১১-৩২ |
| প্রতিমাপূজক, ডাকিনী বিদ্যা। ইস্রার লোকেরা প্রতিমার কাছে শান্তি খুঁজেছিল। | শান্তি। ইস্রা যিহুদীদের ঈশ্বরের কাছে শান্তি খুঁজতে সাহায্য করেছিলেন। ইস্রা ৯ অধ্যায়। |
| ঘৃণা। শৌল বিশ্বাসীদের ঘৃণা করতেন এবং তাদের তাড়না করতেন। | দয়া। যিহূদা পরে মহান দয়া প্রদর্শন করেছিলেন। আদি ৩৭ এবং ৩৮ অধ্যায়। |
| ক্রোধ। যোহন তাঁর শত্রুদের অগ্নি দ্বারা ধ্বংস করতে চেয়েছিলেন। | মঙ্গলভাব। যোহন পরবর্তী সময় মহান মঙ্গলভাব প্রদর্শন করেছিলেন। যোহন ৯ঃ৫৪ পদ। |
| স্বার্থপর উচ্চাকাঙ্খা। যাকোব এষৌ এর উত্তরাধিকার লাভ করার জন্য চতুরতার আশ্রয় গ্রহণ করেছিলেন। | বিশ্বাস। যাকোব সাহায্য লাভের জন্য ঈশ্বরের উপর আস্থা রাখতে শিখেছিলেন। আদি ২৫ঃ২৯-৩৪ এবং ২৭ ও ৪৭ অধ্যায়। |
| মতবিরোধ, দলাদলি, ঈর্ষা। অন্তিয়োখিয়ার বিশ্বাসীগণ বিভক্ত হয়ে গেছিলেন। | নম্রতা। আন্তিয়োখের বিশ্বাসীগণ একতা খুঁজে পেয়েছিলেন। প্রেরিত ১৫ |
| পানাসক্তি, করিন্থীয়দের মধ্যে এই সকল অপরাধ ছিল। | আত্ম-নিয়ন্ত্রণ। করিন্থীয়গণ পবিত্র আত্মা দ্বারা ধৌত এবংপবিত্রীকৃত হয়েছিলেন। ১ করি ৬ঃ৯-১১ |

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net